

**বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)**

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী নং # ৭/৭এ, ব্লক # এইচ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

**সংশোধিত বিজ্ঞপ্তি**

বিজ্ঞপ্তি নং: বিজিএ/২০২৪/২২৪

তারিখ: ৩১/১২/২০২৪ইং

**বিষয়: ২০২৫ সালের বিজিএমইএ সদস্যপদ নবায়ন প্রসঙ্গে।**

এতদ্বারা বিজিএমইএর সম্মানিত সকল সদস্যদের আগামী ৩১শে জানুয়ারি ২০২৫ এর মধ্যে সদস্যপদ নবায়ন সম্পন্ন করার অনুরোধ জানানো যাচ্ছে। সদস্যপদ নবায়ন করার জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে:

১. প্রশাসক বরাবর ২০২৫ সালের নবায়নের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পত্র।
২. হালনাগাদ ট্রেড লাইসেন্সের অনুলিপি (২০২৪-২০২৫ সালের)।
৩. হালনাগাদ আয়কর সনদপত্রের অনুলিপি (২০২৩-২০২৪ করবর্ষ)।
৪. হালনাগাদ কারখানা লাইসেন্সের অনুলিপি (২০২৪-২০২৫ সালের)।
৫. ২০২৪ সালের বিজিএমইএর সদস্য সনদপত্র (মূলকপি)।
৬. নবায়ন বাবদ বিজিএমইএর মনোনীত ব্যাংকে টাকা জমাদানের রশিদঃ
  - ক) ৫২-১০০ মেশিন (৫,০০০.০০ টাকা)
  - খ) ১০১-২০০ মেশিন (৭,০০০.০০ টাকা)
  - গ) ২০০ মেশিনের উপরে (১২,০০০.০০ টাকা)

**প্রযোজ্য আইনি নির্দেশনা :**


সংঘবিধি এর অনুচ্ছেদ ৫(ক) অনুযায়ী, "Any garment Industry recognized by the Government as such is eligible to become member" অর্থাৎ সরকার কর্তৃক স্বীকৃত তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান বিজিএমইএ এর সাধারণ সদস্য হতে পারবে। এই বিষয়ে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বিধিমালা, ২০১৫ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর প্রাসঙ্গিক বিধানসমূহঃ

১। **কারখানা নিবন্ধন:** বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৬ (পূর্বের The Factories Act, 1965, ধারা ৮) এবং বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫৩ ও বিধি ৩৫৪ অনুযায়ী কারখানা নিবন্ধন, নকশা অনুমোদন ও লাইসেন্সিং বাধ্যতামূলক। নিবন্ধন ও লাইসেন্সিং প্রক্রিয়া ফর্ম-৭৭ ব্যবহার করে সম্পন্ন করতে হবে।

২। **ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদপত্র:** এস, আর, ও নং ৭৭-আইন/১৪ মার্চ ২০১০ মোতাবেক বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ বিধি ৬ এর উপ-বিধি (১) অনুযায়ী প্রতি বছর সংশ্লিষ্ট সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদপত্রের কপি দাখিল করতে হবে।

**ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদপত্র এবং কারখানা লাইসেন্সের মূলকপি বিজিএমইএর হিসাব শাখায় প্রদর্শন করে অনুলিপি জমা দিতে হবে।**

সকল সদস্যদের ৩১শে জানুয়ারি ২০২৫-এর মধ্যে উল্লিখিত কাগজপত্র বিজিএমইএ প্রধান কার্যালয়, ঢাকা অথবা আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামে জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

  
মোঃ ফরুকুর রহমান  
মহাসচিব  
বিজিএমইএ

NB: এতদ্বারা সকল সংশ্লিষ্ট পক্ষকে জানানো যাচ্ছে যে, পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি নং: বিজিএ/২০২৪/২০৩ তারিখ: ২৬/১২/২০২৪ইং এ বর্ণিত "Factories Act, 1965, Section 5" সংক্রান্ত বিষয়টি সংশোধন করা হলো।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

- বাংলাদেশ তৈরি -